# WIDA ভাষা বিকাশের নির্দেশক নীতিমালা

ভাষা বিকাশ ও শিখনের এই হালনাগাদ নির্দেশক নীতিমালা WIDA-র সর্বব্যাপী ‘Can Do’ দর্শনকে উদাহরণ হিসেবে তুলে ধরে।

বহু-ভাষী শিক্ষার্থী বলতে সেই সব শিশু ও কিশোরদের বোঝায় যারা ধারাবাহিকভাবে একাধিক ভাষার সংস্পর্শে এসেছে বা আছে। এর অন্তর্ভুক্ত হলো সেই সব শিক্ষার্থী যারা ইংরেজি ভাষার শিক্ষার্থী (ELLs) বা দ্বি-ভাষিক শিক্ষার্থী (DLLs) হিসেবে পরিচিত; ঐতিহ্যবাহী ভাষার শিক্ষার্থী; এবং এমন ছাত্র-ছাত্রী যারা ইংরেজি ভাষার বিভিন্ন ধরন বা আদিবাসী ভাষায় কথা বলে।

১. ১. বহু-ভাষী শিক্ষার্থীদের ভাষা ও সংস্কৃতি হলো মূল্যবান সম্পদ যা স্কু ও শ্রেণিকক্ষ-এর জীবনে কাজে লাগানো উচিত; এই সম্পদগুলোকে কাজে লাগানো এবং পক্ষপাতকে চ্যালেঞ্জ করা বহু-ভাষী শিক্ষার্থীদের স্বাধীনতা বিকাশ করে এবং শিখনে তাদের কর্তৃত্বে উৎসাহ দেয় (Little, Dam, & Legenhausen, 2017; Moll, Amanti, Neff, & González, 1992; Nieto & Bode, 2018; Perley, 2011)।

২. বহু-ভাষী শিক্ষার্থীদের একাধিক ভাষার বিকাশ তাদের জ্ঞান ও সাংস্কৃতিক ভিত্তি, তাদের বৌদ্ধিক ক্ষমতা, এবং ভাষা ব্যবহারে তাদের নমনীয়তা বৃদ্ধি করে (Arellano, Liu, Stoker, & Slama, 2018; Escamilla, Hopewell, Butvilofsky, Sparrow, Soltero-González, Ruiz-Figueroa, & Escamilla, 2013; Genesee, n.d.; Potowski, 2007)।

৩. বহু-ভাষী শিক্ষার্থীদের ভাষা বিকাশ ও শিখন সময়ের সাথে সাথে ঘটে এমন কাজের সাথে অর্থপূর্ণভাবে যুক্ত হওয়ার মাধ্যমে যা তাদের বাড়ি, স্কু ও সম্প্রদায়ে মূল্যায়িত হয় (Engeström, 2009; Larsen-Freeman, 2018; van Lier, 2008; Wen, 2008)।

৪. বহু-ভাষী শিক্ষার্থীদের ভাষা, সামাজিক-আবেগীয়, ও জ্ঞানীয় বিকাশ হলো পরস্পরের সাথে যুক্ত প্রক্রিয়া যা স্কু ও তার বাইরে তাদের সাফল্যে অবদান রাখে (Aldana & Mayer, 2014; Barac & Bialystok, 2012; Gándara, 2015; Sánchez-López & Young, 2018)।

৫. বহু-ভাষী শিক্ষার্থীরা ভাষা ব্যবহার ও বিকাশ করে যখন শিখনের সুযোগগুলো তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা, বৈশিষ্ট্য, ক্ষমতা ও ভাষা দক্ষতার স্তর বিবেচনা করে (Gibbons, 2002; Swain, Kinnear, & Steinman, 2015; TESOL International Association, 2018; Vygotsky, 1978)।

৬. বহু-ভাষী শিক্ষার্থীরা এমন কাজের মাধ্যমে ভাষা ব্যবহার ও বিকাশ করে যা ইচ্ছাকৃতভাবে একাধিক মাধ্যমকে একত্রিত করে, যার মধ্যে রয়েছে মৌখিক, লিখিত, দৃশ্য ও অঙ্গভঙ্গির মাধ্যমে যোগাযোগ (Choi & Yi, 2015; Jewitt, 2008; van Lier, 2006; Zwiers & Crawford, 2011)।

৭. বহু-ভাষী শিক্ষার্থীরা তথ্য, ধারণা ও কনসেপ্ট ব্যাখ্যা ও অ্যাক্সেস করার জন্য ভাষা ব্যবহার ও বিকাশ করে, যা বিভিন্ন উৎস থেকে আসে, যার মধ্যে রয়েছে বাস্তব-জীবনের বস্তু, মডেল, প্রতিনিধিত্ব, ও বহুমুখী পাঠ্য (Ajayl, 2009; Cope & Kalantzis, 2009; Jewitt, 2009; Kervin & Derewianka, 2011)।

৮. বহু-ভাষী শিক্ষার্থীরা ভাষা ব্যবহারে কার্যকারিতা বাড়াতে তাদের চিন্তা-ভাবনা, ভাষা ও সংস্কৃতি সম্পর্কিত সচেতনতা কাজে লাগায় (Bialystok & Barac, 2012; Casey & Ridgeway-Gillis, 2011; Gottlieb & Castro, 2017; Jung, 2013)।

৯. বহু-ভাষী শিক্ষার্থীরা তাদের ভাষা বিকাশ ও শিখনকে সমৃদ্ধ করার জন্য তাদের পূর্ণ ভাষাগত ভাণ্ডার ব্যবহার করে, যার মধ্যে রয়েছে ‘translanguaging’ (একাধিক ভাষা মিলিয়ে ব্যবহারের) চর্চা (García, Johnson, & Seltzer, 2017; Hornberger & Link, 2012; Wei, 2018)।

১০. বহু-ভাষী শিক্ষার্থীরা বিভিন্ন দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা ও উপস্থাপন করতে, সম্পর্ক নিয়ে সচেতনতা গড়ে তুলতে, এবং তাদের পরিচয় নিশ্চিত করতে ভাষা ব্যবহার ও বিকাশ করে (Cummins, 2001; Esteban-Guitart & Moll, 2014; May, 2013, Nieto, 2010)।

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin-Madison.

© 2019 The Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA